

সংবাদ

বঙ্গবন্ধু শে. মু. মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

৭শ' আসনের অত্যাধুনিক লাইব্রেরি চালু করা হচ্ছে

বাকি বিদ্যাহ : বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে ৭শ' আসনের অত্যাধুনিক লাইব্রেরি চালু করা হচ্ছে। দুই শিগগিরই এ লাইব্রেরি উদ্বোধন করা হবে। মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের একাধিক সূত্রে এ তথ্য জানা গেছে।

সূত্র জানায়, ব্যাপক সুযোগ-সুবিধা সম্পন্ন এ লাইব্রেরিতে প্রতিদিন সকাল ৮টা থেকে রাত ১০টা পর্যন্ত ছাত্র অনারারির চিকিৎসক, স্নাতকোত্তর পর্যায়ের ছাত্রেরা অধ্যয়নকারী পাবে। এই লাইব্রেরিতে ৭০টি আন্তর্জাতিক জার্নাল, ২০ হাজার বইসহ সর্বাধুনিক সুযোগ-

সুবিধার ব্যবস্থা করা হচ্ছে। গতকাল দুপুরে মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ডিন্সি এই লাইব্রেরি পরিদর্শন করেন।

সূত্র জানায়, এই লাইব্রেরিতে পড়াশোনা জন্য কার্ড সিস্টেম চালু করা হবে। ৩শ' চালু : পৃঃ ২ কঃ ১

চালু : লাইব্রেরি

(১২ পৃষ্ঠার পর)

টাকার বিনিময়ে ৬ মাসের জন্য কার্ড সংগ্রহ করতে হবে।

এ ব্যাপারে মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ডিন্সি প্রফেসর এম এ হানীফ সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান, স্বাধীনতার পর দেশে এই প্রথম উন্নতমানের চিকিৎসা বিজ্ঞানের লাইব্রেরি চালু করা হচ্ছে। শিগগিরই এর উদ্বোধন করা হবে।